

১৩০০০ পিস ইয়াবাসহ গ্রেফতার ০২



গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের খিলগাঁও সার্কেল পরিদর্শক জনাব এস, এম, সামছুল কবির এর নেতৃত্বে একটি বিশেষ টিম অদ্য ০৯/০৬/২০১৫ খ্রিঃ তারিখ ১৫.০০-১৬.০০ ঘটিকায় রাজধানীর দক্ষিণখান থানাধীন ২৮/১, দক্ষিণ মোল্লারটেক, রোড নং-৪, নবীন সংঘ রোডসহ ৫ম তলা বিশিষ্ট বিল্ডিংয়ের ৩য় তলায় অভিযান

পরিচালনা করে মোঃ রাশেদুজ্জামান(৩৭), পিতা মৃত-নূর বক্স, সাং-বেনাপোল, জেলা-যশোরকে ৭০০০ (সাত হাজার) পিস ইয়াবাসহ হাতেনাতে গ্রেফতার করেন।

অপরদিকে উত্তরা সার্কেলের পরিদর্শক জনাব এ, কে, এম কামরুল ইসলাম এর নেতৃত্বে অপর একটি টিম ১৭.০০-১৮.০০ ঘটিকায় রাজধানীর খিলক্ষেত থানাধীন ২৩৬৫/৬৯৫২, পূর্ব নামাপাড়া পানির ট্যাংকি এলাকার শাকিলের ২য় তলা বিশিষ্ট বিল্ডিংয়ের ২য় তলায় অভিযান পরিচালনা করে শাকিলের বাড়ীর ভাড়াটিয়া মোহাম্মদ হোসেন (৩৫), পিতা-মোঃ ইউসুফ, সাং-গোমানমদন, থানা-হাটহাজারী, জেলা-চট্টগ্রামকে ৬০০০ (ছয় হাজার) পিস ইয়াবাসহ হাতেনাতে গ্রেফতার করেন।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামীদ্বয় জানায় যে, তারা উক্ত ইয়াবা চট্টগ্রাম এলাকা হতে সংগ্রহ করে ঢাকার খুচরা মাদক ব্যবসায়ীদের সরবরাহের উদ্দেশ্যে এনেছিল। গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে যথাক্রমে দক্ষিণখান ও খিলক্ষেত থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।